বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

www.caab.gov.bd

নং-৩০.৩১.০০০০.২০১.০১.০১৩.২১-৭৭০৯ তারিখ: ১১/০১/২০২২ খ্রিঃ

# চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে চুক্তিভিত্তিক (প্রাথমিকভাবে ০১ বছরের জন্য এবং সন্তোষজনক কার্যক্রমের উপর ভিত্তি করে কর্তৃপক্ষের প্রয়োজনে পরবর্তীতে বছর ভিত্তিতে নবায়নযোগ্য) নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম ও এরিয়া | পদ সংখ্যা | বয়সসীমা | ফি সর্বসাকুল্যে (বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তনযোগ্য) | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | বিশেষ পরিদর্শক (সিনিয়র ফ্লাইট অপারেশন্স ইন্সপেক্টর)- ফিক্সড উইং | ০৩ (তিন) | সর্বোচ্চ ৬০ বছর। | ৫,৭৫,০০০/- | (ক) শিক্ষাগত যোগ্যতা: এইচ এস সি (বিজ্ঞান) অথবা সমমান।<br>(খ) আবশ্যিক অপারেশনাল অভিজ্ঞতা:<br>১) বর্তমান Active Pilot ও Airlines Transport Pilot License (ATPL) সনদ প্রাপ্ত। সিভিল বা মিলিটারী Fixed wing এয়ারক্রাফ্ট-এ Pilot-in-command হিসেবে ন্যূনতম ৭০০০:০০ ঘন্টার অভিজ্ঞতা; তবে, DFOI-দের ক্ষেত্রে ন্যূনতম উড্ডয়ন ঘন্টার অভিজ্ঞতা শিথিলযোগ্য।<br>২) কোন অনুমোদিত এয়ারলাইন্সে পাইলট হিসেবে উড্ডয়নে ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা।<br>৩) যে কোন অনুমোদিত এয়ারলাইন্স-এ Instructor pilot/ Check pilot/Designated Check Pilot হিসেবে অভিজ্ঞতা।<br>(গ) টেকনিক্যাল অভিজ্ঞতা (অগ্রাধিকার):<br>১) Flight Operations, Personnel Licensing, ট্রেনিং সংশ্লিষ্ট দেশীয় বিধি-বিধান, ICAO Annexes 1, 6, 8 & 19 এবং তদসংশ্লিষ্ট ডকুমেন্ট বিষয়ক ধারণা।<br>২) ICAO বা Civil Aviation Authority হতে অথবা ইহার স্বীকৃত প্রতিষ্ঠান হতে DCP/FOI কোর্স সম্পন্নকারী।<br>৩) অডিট কার্যক্রম বিষয়ক কাজের অভিজ্ঞতা। |
| ২. | বিশেষ পরিদর্শক (এসএমএস) | ০১ (এক) | সর্বোচ্চ ৬০ বছর। | ১,৬২,০০০/- | (ক) শিক্ষাগত যোগ্যতা: সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিষয়ে স্নাতক পাশ।<br>(খ) আবশ্যিক অপারেশনাল অভিজ্ঞতা:<br>১) কোন অনুমোদিত সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে এসএমএস বিষয়ক কাজের ন্যূনতম ১৫(পনের) বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা।<br>২) এভিয়েশন সেফটি অডিট বিষয়ক কাজ করার বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) টেকনিক্যাল অভিজ্ঞতা (অগ্রাধিকার):<br>১) ICAO বা Civil Aviation Authority হতে অথবা ইহার স্বীকৃত প্রতিষ্ঠান হতে এসএমএস বিষয়ক ডিপ্লোমা ডিগ্রি। |
| ৩. | বিশেষ পরিদর্শক (এভিয়েশন পাবলিক হেলথ) | ০১ (এক) | সর্বোচ্চ ৬৫ বছর। | ১,৬২,০০০/- | (ক) শিক্ষাগত যোগ্যতা: সরকার অনুমোদিত মেডিক্যাল কলেজ হতে এমবিবিএস ডিগ্রিসহ এমপিএইচ পাশ।<br>(খ) আবশ্যিক অপারেশনাল অভিজ্ঞতা:<br>পাবলিক হেলথ সেক্টরে ন্যূনতম ১৫ (পনের) বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) টেকনিক্যাল অভিজ্ঞতা (অগ্রাধিকার):<br>এভিয়েশন বিষয়ক কাজ করার বাস্তব অভিজ্ঞতা। |

চলমান পাতা-০২

| ক্র: নং | পদের নাম ও এরিয়া | পদ সংখ্যা | বয়সসীমা | ফি সর্বসাকুল্যে (বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তনযোগ্য) | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ৪. | বিশেষ পরিদর্শক (অপারেশন্স)-AT | ০২ (দুই) | সর্বোচ্চ ৬০ বছর। | ১,৬২,০০০/- | (ক) শিক্ষাগত যোগ্যতা: সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর পাশ।<br>(খ) আবশ্যিক অপারেশনাল অভিজ্ঞতা:<br>কোন সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় এয়ার ট্রান্সপোর্টেশন/ এভিয়েশন রেগুলেটরী সফটওয়ার সিস্টেমে কাজ করার বাস্তব অভিজ্ঞতা।<br>অথবা<br>কোন সরকারি/স্বায়িত্বশাসিত সংস্থায় এয়ার ট্রান্সপোর্টেশন/ এভিয়েশন রেগুলেটরী বিষয়ে কাজ করার বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) টেকনিক্যাল অভিজ্ঞতা (অগ্রাধিকার):<br>এভিয়েশন অডিট বিষয়ক কাজ করার বাস্তব অভিজ্ঞতা। |
| ৫. | এভিয়েশন এটর্নী | ০১ (এক) | সর্বোচ্চ ৩৫ বছর। | ১,১৭,০০০/- | (ক) শিক্ষাগত যোগ্যতা: সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর পাশ।<br>(খ) আবশ্যিক অপারেশনাল অভিজ্ঞতা:<br>১) বাংলাদেশ বার কাউন্সিল এর অধীন সনদপ্রাপ্ত।<br>২) বাংলাদেশের যেকোন বার এসোসিয়েশনের সদস্য প্রাপ্তসহ আইনজীবী হিসেবে নূন্যতম ৫(পাঁচ) বছর আদালতে কাজ করার অভিজ্ঞতা।<br>(গ) টেকনিক্যাল অভিজ্ঞতা (অগ্রাধিকার):<br>এভিয়েশন আইন সংশ্লিষ্ট কাজ করার অভিজ্ঞতা। |
| ৬. | বিশেষ পরিদর্শক (পারসোন্যাল লাইসেন্সিং) | ০১ (এক) | সর্বোচ্চ ৫৫ বছর। | ১,১৭,০০০/- | (ক) শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি (বিজ্ঞান) অথবা সমমান পাশ।<br>(খ) আবশ্যিক অপারেশনাল অভিজ্ঞতা:<br>Commercial Pilot License (CPL)/ Airlines Transport Pilot License (ATPL) ধারী;<br>অথবা<br>পারসোন্যাল লাইসেন্সিং বিষয়ক কাজে ন্যূনতম ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) টেকনিক্যাল অভিজ্ঞতা (অগ্রাধিকার):<br>১) Personnel Licensing ট্রেনিং Flight Operations সংশ্লিষ্ট দেশীয় বিধি-বিধান, ICAO Annexes 1, 6, 8 & 19 এবং তদসংশ্লিষ্ট ডকুমেন্ট বিষয়ক ধারণা।<br>২) অডিট বিষয়ক কার্যক্রমের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭. | বিশেষ পরিদর্শক (অপারেশন্স)-PEL | ০২ (দুই) | সর্বোচ্চ ৫৫ বছর। | ১,১৭,০০০/- | (ক) শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি (বিজ্ঞান) অথবা সমমান পাশ।<br>(খ) আবশ্যিক অপারেশনাল অভিজ্ঞতা:<br>Commercial Pilot License (CPL)/ Airlines Transport Pilot License (ATPL) ধারী।<br>অথবা<br>ড্রোন পরিচালনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট যেকোন প্রতিষ্ঠানে অন্যূন ০২(দুই) বছর কাজের বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) টেকনিক্যাল অভিজ্ঞতা (অগ্রাধিকার):<br>১) Personnel Licensing বিষয়ক কাজের অভিজ্ঞতা।<br>২) সরকার অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় হতে এ্যারোনটিক্যাল প্রকৌশল বিষয়ে স্নাতক পাশ।<br>৩) এভিয়েশন অডিট বিষয়ক কাজের বাস্তব অভিজ্ঞতা। |

চলমান পাতা-০৩

| ক্র: নং | পদের নাম ও এরিয়া | পদ সংখ্যা | বয়সসীমা | ফি সর্বসাকূল্যে (বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তনযোগ্য) | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ৮. | বিশেষ পরিদর্শক (অপারেশন্স)-AIR | ০২ (দুই) | সর্বোচ্চ ৫৫ বছর। | ১,১৭,০০০/- | (ক) শিক্ষাগত যোগ্যতা: এ্যারোনটিক্যাল/ইলেকট্রনিক্স/ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স প্রকৌশল/এরোস্পেস/ইলেকট্রনিক্স ও টেলিকম প্রকৌশল বিষয়ে স্নাতক পাশ<br>(খ) আবশ্যিক অপারেশনাল অভিজ্ঞতা: ড্রোন পরিচালনা/রক্ষণাবেক্ষণ সম্পর্কিত কাজের বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) টেকনিক্যাল অভিজ্ঞতা (অগ্রাধিকার): এভিয়েশন অডিট বিষয়ক কাজ করার বাস্তব অভিজ্ঞতা। |

অন্যান্য শর্তাবলী:

(১) আবেদনপত্র প্রেরণের ঠিকানা : চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

(২) সাদা কাগজে লিখিত দরখাস্তে নিম্নবর্ণিত তথ্যাদি অবশ্যই থাকতে হবে:

(ক) নাম (বাংলা ও ইংরেজিতে) (খ) পিতার নাম (বাংলা ও ইংরেজিতে) (গ) মাতার নাম (বাংলা ও ইংরেজিতে)
(ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) মোবাইল নম্বর
(ছ) ই-মেইল (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) জন্ম তারিখ ও বয়স (১৫/০১/২০২২ খ্রিঃ তারিখে)
(ঞ) জাতীয়তা (ট) ধর্ম (ঠ) অভিজ্ঞতা

(৩) আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(ক) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) জাতীয়তা সনদপত্রের মূলকপি।
(গ) সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতা, এভিয়েশন সংক্রান্ত লাইসেন্স/সার্টিফিকেট ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি।
(ঙ) চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর অনুকূলে (অফেরতযোগ্য) ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
(চ) সাক্ষাতকার/মৌখিক পরীক্ষা সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

(৪) আগামী **৩০/০১/২০২২** তারিখের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি অফিস চলাকালীন উল্লিখিত ঠিকানায় আবেদনপত্র পৌঁছাতে হবে।

(৫) প্রার্থীগণ-কে অবশ্যই খামের উপর **পদের নাম ও এরিয়া** উল্লেখ করতে হবে।

(৬) চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(৭) অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

(৮) প্রার্থীগণকে সাক্ষাতকার/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

(৯) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(১০) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১৪১২